

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৬৩

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০

২৪ মে ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৪২৯৪/২০২৩, ১৮৭৪/২০২৩, ২৩২৬/২০২৩, ২৭২২/২০২৩, ৩১২৫/২২৩ এবং ৩৯০৫/২০২৩) পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে তদন্তের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ ও বেতন-ভাতা প্রদানে নির্দেশনা/বিদ্যালয়ের শিক্ষক চাহিদা প্রত্যাহার/এমপিও নীতিমালায় স্টাফিং প্যাটার্ন অনুযায়ী উপাচার্যের পদ অন্তর্ভুক্তকরণ/এমপিও প্রদান/সহোদর কোটায় ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ-এ ১ম শ্রেণিতে সন্তান ভর্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	৪২৯৪/২০২৩	কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন চর শৌলমারী ডিগ্রি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে তদন্তের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ ও বেতন-ভাতা প্রদানে নির্দেশনা সংক্রান্ত।	জনাব মো. ফরহাদ আলী, অধ্যাপক, চর শৌলমারী ডিগ্রি কলেজ, রৌমারী, কুড়িগ্রাম।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৯ (নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	১৮৭৪/২০২৩	ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার অধীন "হাজী সামসুদ্দীন বিশ্বাস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়" এর শিক্ষক চাহিদা প্রত্যাহার সংক্রান্ত।	জনাব মো. আসাদুজ্জামান, শৈলকুপা, ঝিনাইদহ গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৯ (নয়) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩	২৩২৬/২০২৩	এমপিও নীতিমালায় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের (৬ষ্ঠ-১২শ) স্টাফিং প্যাটার্ন অনুযায়ী উপাচার্যের পদ অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।	জনাব মাহমুদুল হক, সহকারী প্রধান শিক্ষক, লালকুঠি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, রংপুর গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৪	২৭২২/২০২৩	আমদহ মাধ্যমিক বিদ্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া এর শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রদান সংক্রান্ত।	জনাব মো. শরিফুল ইসলাম, দৌলতপুর, কুষ্টিয়া গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫	৩১২৫/২০২৩	জনাব মো. মাইদুল ইসলাম, পীরগঞ্জ, রংপুর-কে সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা) হিসেবে এমপিওভুক্তকরণ সংক্রান্ত।	জনাব মো. মাইদুল ইসলাম, পীরগঞ্জ, রংপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৭ (সাত) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৬	৩৯০৫/২০২৩	সহোদর কোটায় ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ-এ ১ম শ্রেণিতে সন্তান ভর্তি সংক্রান্ত।	এ্যাডভোকেট মামুন-উর-রশিদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৪২৯৪/২০২৩, ১৮৭৪/২০২৩, ২৩২৬/২০২৩, ২৭২২/২০২৩, ৩১২৫/২২৩ এবং ৩৯০৫/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২৪-৫-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

ইমেইল: law.section1@shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৬৩/১(৩)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০

২৪ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২৪-৫-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব